

2 0 1 8

BENGALI  
( Major )

Paper : 6.3

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৭=৭

- (ক) অদ্ভুত রসের স্থায়ীভাবের নাম কী ?
- (খ) ব্যঙ্গ্যার্থ বাচ্যার্থের অনুগামী হলে তাকে কি বলে ?
- (গ) মনে ভাব উদ্ভূত হলে, যে-সব স্বাভাবিক উপায়ে তা বাইরে প্রকাশ হয়, ভাবরূপ কারণের সেই-সব লৌকিক কার্যকে কি বলে ?
- (ঘ) 'ব্যালাড' শব্দটি যে ল্যাটিন শব্দ থেকে এসেছে তার মূল অর্থ কি ছিল ?
- (ঙ) বাণভট্টের গদ্য রোমান্স হিসেবে সুপরিচিত গ্রন্থটির নাম কী ?
- (চ) ইংরেজি 'novel' শব্দটি কোন্ ভাষা থেকে নেওয়া হয়েছে ?
- (ছ) ৩২০০ খ্রিস্ট পূর্বাব্দে লিখিত 'দুই ভাই' শীর্ষক যে গল্পটি পাওয়া গেছে সেটি কোন্ দেশে লেখা ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) ধ্বনিবাদের মুখ্যাচার্য কে ছিলেন? তাঁর লিখিত গ্রন্থের নাম কী?
- (খ) যে কোনো দুটি ব্যভিচারী ভাবের নাম লেখো।
- (গ) গুণাঢ্যের লেখা গ্রন্থটির নাম কী? গ্রন্থটি কোন্ ভাষায় লেখা?
- (ঘ) 'দশকুমারচরিত' এবং 'কথাসরিৎসাগর' গ্রন্থ দুটির লেখকদের নাম লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো তিনটি) :

৫×৩=১৫

- (ক) উদাহরণসহ অনুভাব এবং সঞ্চয়ী ভাবের পার্থক্য নির্দেশ করো।
- (খ) লক্ষণার্থ এবং ব্যঙ্গার্থের মধ্যে উদাহরণসহ পার্থক্য নির্দেশ করো।
- (গ) ছোটোগল্পের প্রকৃতি সম্বন্ধে রবীন্দ্রনাথের ধারণা সংক্ষেপে ব্যক্ত করো।
- (ঘ) সংস্কৃত ভাষায় লিখিত গদ্য আখ্যান ও আখ্যায়িকার একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরো।

(ঙ) "কবির হৃদয় যেমন বিচিত্র, গীতিকবিতার শাখা-প্রশাখাও তেমনি বিচিত্র।" মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

- ৪। নিম্নলিখিত প্রতি গুচ্ছ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে  
সর্বমোট তিনটি প্রশ্নের উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) স্থায়ীভাবের রস-পরিণতিতে বিভাব, অনুভাব এবং সঞ্চরী  
ভাবের ভূমিকা সম্বন্ধে লেখো।
- (খ) ধ্বনিকে কাব্যের আত্মা বলা হয়েছে কেন? বাংলা কাব্য  
থেকে উদাহরণ দিয়ে ধ্বনির স্বরূপ ব্যাখ্যা করো।
- (গ) “পূর্বপরিচিত অর্থও রসের যোগে কাব্যত্ব লাভ করে  
বসন্তের নবকিশলয়খচিত বৃক্ষের মতো নতুন বলে  
প্রতীয়মান হয়।” মন্তব্যটির তাৎপর্য বিশদ করো।

খ—গুচ্ছ

- (ঘ) মহাকাব্য বলতে কি বোঝ? মহাকাব্যের সংজ্ঞা নির্দেশ  
করে প্রকৃত মহাকাব্য (authentic epic) এবং  
আলংকারিক মহাকাব্য (literary epic)-এর মধ্যে  
পার্থক্য নির্দেশ করো।
- (ঙ) আখ্যায়িকা থেকে উপন্যাস বা ‘novel’ হয়ে ওঠার  
বিষয়টি সংক্ষেপে বর্ণনা করে উপন্যাসের আঙ্গিক  
সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।
- (চ) ব্যালাডের সংজ্ঞা নির্দেশ করে দেশী ও বিদেশী ব্যালাডের  
একটি সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরো।

★ ★ ★